# Times Today BD

রিফাত ইসলাম। ক্যাম্পাস। 24 April, 2025

রংপুরের বেগম রোকেয়া বিশ্ববিদ্যালয় (বেরোবি) ভারপ্রাপ্ত পরীক্ষা নিয়ন্ত্রক ও রাষ্ট্রবিজ্ঞান বিভাগের সহযোগী অধ্যাপক ড. তানজিউল ইসলাম জীবনের বিরুদ্ধে যৌন হয়রানি ও মার্ক টেম্পারিংয়ের দুইটি অভিযোগ পত্র জমা পড়েছে।ঘটনা তদন্তে কমিটি গঠন করা হয়েছে।

বৃহস্পতিবার (২৪ এপ্রিল) সাংবাদিকদের হাতে আসা একই বিভাগের সাবেক এক শিক্ষার্থীর অভিযোগ পত্র পর্যালোচনা করে দেখা যায়, তিনি শিক্ষক জীবনের বিরুদ্ধে, মানসিক নির্যাতন, ভয়ভীতি দেখানো,যৌন হয়রানি ও মার্ক টেম্পারিং করে ফলাফল খারাপ করিয়ে দেয়ার অভিযোগ আনেন।

অভিযোগের ব্যাপারে জানতে চাইলে বিশ্ববিদ্যালয় রেজিস্টার ড. মো. হারুন অর রশিদ বলেন, অভিযোগ পত্রটি পাওয়ার পর বিশ্ববিদ্যালয়ের গণিত বিভাগে অধ্যাপক ড.তাজুল ইসলামকে আহ্বায়ক ও ছাত্র উপদেষ্টা ড.ইলিয়াছ প্রামানিককে সদস্য সচিব করে একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে।তারা দ্রুত একটি প্রতিবেদন দিবেন।

এছাড়াও এর আগে সচেতন শিক্ষার্থীদের নামে এ শিক্ষকের বিরুদ্ধে আরও একটি অভিযোগ জমা দেওয়া হয়েছে।

ভুক্তভোগীর সাথে যোগাযোগ করা হলে নাম প্রকাশ না শর্তে ওই শিক্ষার্থী জানান, আমি উপাচার্য ও রেজিস্ট্রার দপ্তরে ইমেইলের ও হোয়াটসঅ্যাপের মাধ্যমে আমার লিখিত অভিযোগ পাঠিয়েছি।আমি আমার সাথে ঘটে যাওয়া সকল অন্যায়ের বিচার চাই।

উল্লেখ্য, গত ১৪ এপ্রিল থেকে পরীক্ষা

নিয়ন্ত্রকের বিরুদ্ধে সামাজিক যোগাযোগ মাধ্যম ফেসবুকে একই বিভাগের শিক্ষার্থীর সাথে পর পর তিনটি অডিও ফাঁস হলে বিষয়টি আলোচনায় আসে।

যৌন হয়রানি পরীক্ষা নিয়ন্ত্রক

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 15:02

URL: https://www.timestodaybd.com/campus/1414775807